মুজিবনগরে সারদীয় দুর্গাপূজা

উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

অনুষ্ঠিত

মুজিবনগরে আসন্ন সর্বজনীন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে পূজা মন্ডপসমুহের নিরাপত্তা, আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও প্রাসঙ্গিক বিষয়ে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার
বেলা ১১ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ
মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। এই বছরে উপজেলার ৭টি পূজা মন্ডপে শারদীয় দূর্গা পূজা অনুষ্ঠিত হবে।

সভায় উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে ও
সঞ্চালনায়। প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী
কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলম, উপজেলা জনসাস্থ্য প্রকৌশল অফিসার জাহাঙ্গীর আলম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুব আলম রবি, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ফেরদৌস আরা উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্সের কর্মকর্তা শাহাজাহান আলী,, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান।মহাজনপুর পূজা উদযাপন কমিটির সভাপতি- তপন কুমার সাহা সাধারণ সম্পাদক- দীপক পাল।

বাবুপুর পূজা উদযাপন কমিটির সভাপতি- তাপস মন্ডল, সাধারণ
সম্পাদক- নিরঞ্জণ মন্ডল।কোমরপুর পূজা উদযাপন কমিটির সভাপতি-
অসিম হালদার, সাধারণ সম্পাদক- প্রভাস হালদার।মোনাখালী পূজা
উদযাপন কমিটির সভাপতি-নিরঞ্জণ কর্মকার, সাধারণ সম্পাদক- বিমল
ঘোষ,রতনপুর পূজা উদযাপন কমিটির সভাপতি উত্তম দাস, সাধারণ সম্পাদক- জয়দেব দাস।

বল্লভপুর পূজা উদযাপন কমিটির সভাপতি- দয়াল দাস,সাধারণ সম্পাদক-কার্তিক দাসদারিয়াপুর পূজা উদযাপন কমিটির সভাপতি-বিষু দাস,সাধারণ সম্পাদক সজল দাস সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত

কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রস্তুতি সভায় মুজিবনগর উপজেলায় ৭টি পূজা মন্ডপে সিসি ক্যামেরার ব্যবস্থা করা, নিরবিচ্ছিন্ন বিদ্যুতের ব্যবস্থা করা, বিদ্যুতের বিকল্প হিসেবে সার্বক্ষণিক জেনারেটর এর ব্যবস্থা রাখা ও সতর্কতামূলকভাবে বিদ্যুৎ ব্যবহার, যেকোনো সমস্যায় প্রশাসনকে অবহিত করা, কারো কথায় বিভ্রান্ত না হওয়াসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে করনীয় বিষয়ে আলোচনা করা হয়।

কোটচাঁদপুরে দুর্গাপূজা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

কোটচাঁদপুরে সর্বজনীন শারদীয় দুর্গাপূজা ২০২৪ উদযাপন উপলক্ষে পূজা মন্ডপসমুহের নিরাপত্তা, আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও প্রাসঙ্গিক বিষয়ে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৬ শে সেপ্টেম্বর) দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে অফির্সাস ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি মূলক সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কোটচাঁদপুর সার্কেল মুন্না বিশ্বাস, উপজেলা সহকারী কমিশনার ভূমি জান্নাতুল মাওয়া, মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, সেনাবাহিনীর ওয়ারেন্ট অফিসার এনামুল হক,সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি শরিফুল ইসলাম, উপজেলা বিএনপি দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া,পৌর বিএনপির সহ সাধারণ সম্পাদক রুস্তম আলী, পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, উপজেলা প্রকৌশলী সিদ্ধার্থ কুমার কুন্ড, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

আবাসিক মেডিকেল অফিসার আশরাফুল আলম, সমাজ সেবা অফিসার বসির উদ্দিন, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী,পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান,কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাব সভাপতি মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

সে সময় পূজা মন্ডপ সিসি ক্যামেরার আওতায় আনা ও আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে করনীয় বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা।

এ সময় উপজেলার ৪১ টি পূজা উদযাপন কমিটির সভাপতি-সম্পদক, সাংবাদিক,বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতা কর্মী, ফায়ার সার্ভিসের সদস্য সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় পাঁচ মন্দিরে ঢেউটিন দিলেন জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফের নিজ অর্থায়নে ৫টি সার্বজনীন দুর্গা মন্দিরে ঢেউটিন টিন বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০ টার দিকে পৌর এলাকার কালিদাসপুর ব্রিজ এলাকার বিএনপির দলীয় কার্যালয়ে এ ঢেউটিন বিতরণ করা হয়। ঢেউটিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির (ভারপ্রাপ্ত) সভাপতি আক্তার জোয়ার্দার।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি মোঃ আয়ুব আলী, সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, বিএনপির সাংগঠনিক সম্পাদক কাজী আলী আজগর সাচ্চু, যুগ্ন সাধারণ সম্পাদক মাহবুবুল

মাস্টার, পৌর বিএনপির সহ-সম্পাদক মাহাবুল হক মাষ্টার।
এছাড়া যুবদলের ভারপ্রাপ্ত আহবায়ক মীর উজ্জল, সদস্য সচিব রফিকুল ইসলাম, পৌর যুবদলের সদস্য সচিব সাইফুদ্দিন আলম কনক, যুগ্ন আহবায়ক আব্দুল কাদের।

উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক হিমেল, পৌর সে¦চ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক জাকারিয়া শান্ত। এছাড়াও আরও উপস্থিত ছিলেন হিন্দু বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদের সভাপতি মনিন্দ্রনাথ, পূজা উদযাপন কমিটির কুমারী মন্দিরের সভাপকি রতন, ক্যানেলপাড়া লিপন বিশ্বাস, সুইপার কলোনির লিটন এবং পোস্ট অফিস পাড়ার মিলন কুমার।

দামুড়হুদায় ব্যস্ত সময় পার করছেন প্রতিমা তৈরির মৃৎশিল্পীরা

শারদীয় দুর্গাপূজা হিন্দু ধর্মাবলম্বীর সর্ব বৃহত্তম ধর্মীয় উৎসব। মূল আনুষ্ঠানিকতা শুরু হতে এখনও ১৫ দিন বাকী থাকলেও হিন্দু ধর্মাবলম্বীদের দরজায় কড়া নাড়ছে দেবী-দুর্গার আগমনী বার্তা। ইতোমধ্যেই দামুড়হুদা উপজেলায় প্রস্তুতি শুরু হয়েছে। বিশেষ করে দুর্গা প্রতিমা তৈরির কারিগররা ব্যস্ত সময় পার করছে। মণ্ডপের সাজসজ্জাসহ সার্বিক প্রস্তুতি দ্রুত এগিয়ে নিচ্ছেন আয়োজক ও পূজা উদযাপন কমিটি।

আগামী ০৯ অক্টোবর থেকে শুরু হবে পূজার মূল আনুষ্ঠানিকতা। দামুড়হুদা উপজেলায় এবছরে ২০টি মণ্ডপে দুর্গা প্রতিমা বসবে। তারই সাজসজ্জায় ব্যস্ত আয়োজকরা। শারদীয় উৎসব সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে বলে জানিয়েছেন পূজা উদযাপন কমিটির নেতারা।

সরেজমিনে গিয়ে দেখা যায়,কারিগররা কাদা-মাটি, খড়-কাঠ সংগ্রহ থেকে শুরু করে, প্রতিমা তৈরিতে ব্যস্ত হয়ে পড়েছেন। সকাল থেকে রাত অবধি চলছে এই কার্যক্রম।এখন শারদীয় দুর্গোৎসবে মেতে ওঠার অপেক্ষায়

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইন শৃঙ্খলা সভা অনুষ্ঠিত

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা-২০২৪ উপলক্ষে আইনশৃঙ্খলা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার(২৩ সেপ্টেম্বর) বিকেলে সার্কিট হাউস সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মু. তানভির আহমেদ রুমান, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নুর, মেজর মোঃ তৌফিকুল আলম, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম কুমার সাহা , ডাঃ ইনজামামুল হক, পূজা উদযাপন কমিটির সদস্য সচিব ড. অশোক চন্দ্র বিশ্বাস, হালদার পাড়া পূজামণ্ডপের সভাপতি শ্রী অনন্ত কুমার হালদার, সিদ্ধেশ্বরী কালী মন্দিরের সেক্রেটারি তপন কুমার সাহা, মেহেরপুর পূজা উদযাপন পরিষদ আহ্বায়ক কমিটির সদস্য সাধন কুমার দাস প্রমুখ ।

এ সভায় সিসিটিভি ক্যামেরা স্থাপন, জেনারেটরের ব্যবস্থা, কন্ট্রোল রুম, আইপি ক্যামেরা, পূজা বিসর্জনে রাস্তা ঘাট পরিস্কার এবং সড়কে আলোকসজ্জা, আযান এবং নামাযের সময় মেনে পূজা উদযাপন, সড়কে নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

এ ছাড়াও পূজা মন্ডুপের নিরাপত্তায় পুলিশ, আনসার, বিজিবি, স্বেচ্ছাসেবকরা কাজ করবে ও মোবাইল টিম থাকবে।

এবার জেলায় ৩৮টি পূজামণ্ডপে পূজা অনুষ্ঠিত হবে। এর মধ্যে সদর ১৪, মুজিবনগর ৭, গাংনী ১৭ টি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মতবিনিময় সভা

শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে পূজা উদযাপন কমিটির সাথে পুলিশ সুপারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আসন্ন শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে আজ শনিবার সাড়ে দশটাই চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, বিপিএম- সেবা সভাপতিত্বে জেলা ও উপজেলা পর্যায়ের পূজা উদযাপন সনাতন ধর্মালম্বী নেতৃবৃন্দের সাথে আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সভাপতির বক্তব্য চুয়াডাঙ্গা পুলিশ সুপার বলেন,চুয়াডাঙ্গা জেলায় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে নিজ নিজ ধর্ম সুষ্ঠুভাবে পালনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সর্বদা সতর্ক রয়েছে। শান্তিপূর্ণভাবে ও আনন্দমূখর পরিবেশে পূজা উদযান করার জন্য পুলিশ পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনসহ যেকোনো পরিস্থিতি মোকাবেলায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ তৎপর রয়েছে। প্রতিটি পূজা মন্ডপে নিজস্ব সেচ্ছাসেবক ছাড়াও পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা সার্বক্ষণিক উপস্থিত থাকবেন। তাছাড়াও সাদা পোশাকে ডিবি, ডিএসবি মাঠে কাজ করবে। প্রতিটি পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপন, নিজেস্ব ব্যবস্থাপনায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখাসহ বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়।

উক্ত আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা সহ বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ জেলা ও উপজেলা পূজা উদযাপন কমিটি ও হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দূর্গা পূজা উদযাপন উপলক্ষে বিএনপির সাথে সনাতন ধর্মাবলম্বীদের মতবিনিময় সভা

শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে ঝিনাইদহ জেলা বিএনপি’র সাথে সনাতন ধর্মাবলম্বীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার দুপুরে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা বিএনপি।

সেসময় জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ, সিনিয়র সহ-সভাপতি মুন্সী কামাল আজাদ পান্নু, সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, আসিফ ইকবাল মাখন, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, সদর থানা বিএনপি’র সাধারন সম্পাদক আলমগীর হোসেন, সদর পৌরসভা বিএনপি’র সাধারন সম্পাদক মাহবুবুর রহমান শেখর, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি নারায়ন চন্দ্র বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সভায় আসন্ন শারদীয় দুর্গোৎসব নির্বিঘ্নে পালনে সনাতন ধর্মাবলম্বীদের সার্বিক সহযোগীতার আশ্বাস দেন বিএনপি’র নেতাকর্মীদের। কোথাও কেউ কোন ধরনের বিশৃঙ্খলা করলে তা কঠোর হস্তে দমন করা হবে বলেও হুশিয়ারী দেন তারা।

ঝিনাইদহের মহেশপুরে সংখ্যালঘুদের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের মহেশপুরে সংখ্যালঘু সম্প্রদায়ের জমি দখল করে খেলার মাঠ বানানোর অভিযোগ উঠেছে স্থানীয় প্রভাবশালীদের বিরুদ্ধে।

ঘটনার প্রতিবাদ ও জমি ফেরত পেতে আজ শনিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী পরিবার।

সংবাদ সম্মেলনে ভুক্তভোগী পরিবার অভিযোগ করেন, উত্তরাধিকার সুত্রে পাওয়া মহেশপুর উপজেলার গোপালপুর গ্রামের ১০৮ নম্বর হামিদপুর মৌজার ২৮৬৭ নং খতিয়ানের ৪০৩৯ ও ৪০৪০ এই দুই দাগের ১০৪ ও ১০৩ শতক জমির মালিক ভরত দাস ও তার ভাই শম্ভু দাস। প্রায় শত বছর ধরে এই জমি চাষাবাদ করে আসছে তাদের পরিবার। কিন্তু ভুলক্রমে মাঠ জরিপের সময় জমি সরকারের খতিয়ানে রেকর্ড হলে পরে মামলা করে জমি ফেরত পায়। তাদের জমিতে লাগানো ফসল আওয়ামী লীগ সরকার পতনের পর কিছু প্রভাবশালীরা কেটে জমি দখলের চেষ্টা করে। এ নিয়ে আদালতে মামলা করলে আদালত নিষেধাজ্ঞা জারী করে। তা উপেক্ষা করে বৃহস্পতিবার মহেশপুর পৌরসভার কাউন্সিলর বাবুল হোসেন, ওই গ্রামের ইকরামুল, বিপুল, খালেদ হোসেন, জিন্নাহসহ আরও কয়েকজন জমির ফসল নষ্ট করে দখল করে নিয়েছে।

ভরত দাস বলেন, আমরা হিন্দু সম্প্রদায়ের মানুষ জন্ম থেকেই আমরা এই জমিতে চাষাবাদ করে আসছি। কিন্তু বাবু কাউন্সিলর কিছু লোক দিয়ে জমি দখল করে নিচ্ছে। আমাদের জমিতে গেলে হত্যাসহ বিভিন্ন হুমকি ধামকি দিচ্ছে। তাই জীবনের নিরাপত্তাসহ জমি ফেরত পাওয়ার দাবী করছি।

অভিযুক্ত পৌরসভার কাউন্সিলর বাবুল জানান, জমি আমার বাবার না যে আমি দখল করে নিবো। শুনেছিলাম জমি নিয়ে ঝামেলা হয়েছে তাই জমির মালিককে ডেকে জিজ্ঞাসা করেছি। এখন আর আমি ঝামেলার মধ্যে নাই।

ঝিনাইদহে সনাতন ধর্মাবলম্বীদের শ্যামা পূজা অনুষ্ঠিত

ঝিনাইদহে উদযাপন করা হচ্ছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম বৃহৎ উৎসব শ্যামা পূজা। ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোলা শ্রী শ্রী সিদ্ধেশ্বরী জেলা কালীমন্দিরে রোববার সকাল ৯ টা দিকে এ পূজা শুরু করা হয়। এসময় প্রদীপ উজ্জ্বলন করেন শ্রী বাবু কনকান্তি দাস।

হিন্দু সম্প্রদায়ের দ্বিতীয় বৃহত্তম ধর্মীয় উৎসব এই পূজা। কার্তিক মাসের অমাবস্যা তিথিতে সাধারণত শ্যামা পূজা বা কালীপূজা